দৈনিক
জনকণ্ঠ

তারিখ 2 3 MAY 2007
পৃষ্ঠা ১৪ কলাম ৭

## এডুকেশন ওয়াচের রিপোর্ট

# প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষার্থীরা প্রাইভেট কোচিংয়ের ওপর নির্ভরশীল

**স্টাফ রিপোর্টার ॥** গণসাক্ষরতা অভিযানের এডুকেশন ওয়াচ রিপোর্টে বলা হয়েছে, প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীরা ব্যাপকভাবে প্রাইভেট কোচিংয়ের ওপর নির্ভরশীল। মাধ্যমিক পর্যায়ে সরকারী স্কুলের ক্ষেত্রে শতকরা ৮৮ ভাগ, বেসরকারী স্কুলের ক্ষেত্রে ৭৮ ভাগ এবং মাদ্রাসার ক্ষেত্রে ৭০ ভাগ অভিভাবক তাদের ছেলেমেয়েদের জন্য প্রাইভেট কোচিংয়ের ব্যবস্থা করে থাকেন। আর প্রাথমিক পর্যায়ে ৩১ থেকে ৪৩ ভাগ অভিভাবক বিভিন্ন প্রকারের শিক্ষা প্রতিষ্ঠানে পড়ুয়া তাদের ছেলেমেয়ের জন্য প্রাইভেট শিক্ষক নিয়োগ করে থাকেন। বস্তুত প্রাইভেট কোচিংয়ের খরচই ছাত্রছাত্রী প্রতি বার্ষিক পারিবারিক ব্যয়ের একটি উল্লেখযোগ্য অংশ ব্যবহৃত হয়। শিক্ষা প্রতিষ্ঠানের প্রকারভেদে তা মোট বার্ষিক মাথাপিছু ব্যয়ের ১৬ থেকে ২৪ ভাগ আর মাধ্যমিক পর্যায়ে তা ২১ থেকে ৪১ ভাগ। দরিদ্র পরিবারের পক্ষে তাদের ছেলেমেয়েদের জন্য প্রাইভেট শিক্ষক নিয়োগ করা সম্ভব হয় না বলে তাদের ছেলেমেয়েরা সম্পন্ন ঘরের ছেলেমেয়েদের তুলনায় অনেক পিছিয়ে থাকতে বাধ্য হয়। এজন্য প্রাইভেট কোচিং বন্ধ করে দেয়া উচিত। সোমবার রাজধানীর সিরডাপ মিলনায়তনে গণসাক্ষরতা অভিযানের 'এডুকেশন ওয়াচ ২০০৬' প্রকাশ উপলক্ষে সংবাদ সম্মেলন করে এসব তথ্য জানানো হয়। সংবাদ সম্মেলনে এডুকেশন ওয়াচের মুখ্য উপদেষ্টা ও অর্থনীতি সমিতির সভাপতি ড. কাজী খলীকুজ্জামান আহমদ সমীক্ষার মূল ফাইন্ডিংসগুলো আলোকপাত করেন। এ সময় আরও বক্তৃতা করেন এডুকেশন ওয়াচের চেয়ারপার্সন কাজী ফজলুর রহমান, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য ড. কাজী সালেহ আহমেদ, গণসাক্ষরতা অভিযানের পরিচালক রাশেদা কে চৌধুরী।